

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:৩/৬-৬/২০০৩-১২৭১

তারিখ: ০৩ কার্তিক ১৪২৯
১৯ অক্টোবর ২০২২

বিষয়: **পুন:শুনানীতে অংশগ্রহণ।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ধবিম/হ:শা:৪-৯০-২০১৩-১১২৭; তারিখ: ১৩/০৯/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আল-নূর ট্রাভেলস (হজ লাইসেন্স নং ০২৫) এর বিরুদ্ধে সৌদিআরবে বাড়ি/হোটেল পরিদর্শন কমিটির প্রতিবেদনে নিম্নোক্ত বিরূপ মন্তব্যের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ৩০/১০/২০২২খ্রি. তারিখ, সকাল ৯.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় পুনরায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তাঁর প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
আল-নূর ট্রাভেলস (হজ লাইসেন্স নং ০২৫)	(১) হোটেল মান-সম্মত নয় এবং আবাসিক ব্যবস্থাও স্বাস্থ্যসম্মত নয়। (২) প্রতারণার আশ্রয় নিয়েছেন।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

e-mail:morahajsection@gmail.com

জনাব মোহাম্মদ শরিয়ত উল্লাহ

স্বত্বাধিকারী, আল-নূর ট্রাভেলস (হজ লাইসেন্স নং ০২৫)

হাজী জামির আশ্বিয়া প্লাজা (১ম তলা), ২৩০/২৫০, ডি.টি রোড, দেওয়ান হাট, চট্টগ্রাম।

স্মারক নং-ধবিম/হ:শা:৩/৬-৬/২০০৩-১২৭১

তারিখ: ০৩ কার্তিক ১৪২৯
১৯ অক্টোবর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৪. অফিস কপি

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব